**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

# জেলা নদী রক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ জসিম উদ্দিন, জেলা প্রশাসক, পাবনা

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

তারিখ : ২৭ জানুয়ারি, ২০১৯

সভার সময় : সকাল ১১.৪৫ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ২৩/১২/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | ইছামতি নদী পুনরুজ্জীবিত করণ বিষয়ক সমীক্ষা | ইছামতি নদী পুনরুজ্জীবিত করণ বিষয়ক সমীক্ষা প্রকল্পের হালনাগাদ অবস্থা সংক্রান্ত আলোচনা করা হয়। ইছামতি নদীর সমীক্ষা কাজ সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর আওতাধীন পানি ও বন্যা ব্যবস্থাপনা ইন্সটিটিউট (IWFM) পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক গত ডিসেম্বর মাসে চূড়ান্ত প্রতিবেদন দাখিলের সময়সীমা নির্ধারিত থাকলেও তা সম্পন্ন না হওয়ায় জুন/২০১৯ পর্যন্ত সময়সীমা বাড়ানো হয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা জানান। প্রতিষ্ঠানটি আগামী জুন/২০১৯ মাসে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন। | আগামী জুন/২০১৯ খ্রিঃ মাসের মধ্যেই ইছামতি নদী পুনরুজ্জীবিত করণ বিষয়ক সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা |
| ০২। | পাবনা জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত | ক) চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলার ০৮ টি ছোট নদী/খাল পানি উন্নয়ন বোর্ড কর্তৃক পুন:খননের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। উক্ত প্রকল্পের আওতায় পানি উন্নয়ন বোর্ড, পাবনা কর্তৃক ঠিকাদার নির্ধারণ পূর্বক ভাঙ্গুড়া উপজেলাধীন গজারমারা খাল পুন:খননের কাজ শুরু হয়েছে। অবশিষ্ট ০৭ টি নদী/খাল পুন:খননের দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে।<br>খ) ইছামতি নদী পুনরুজ্জীবিত করণ বিষয়ক সমীক্ষা কার্যক্রমের সময়সীমা বর্ধিত হওয়ায় এ প্রকল্পে ইছামতি নদী পুন:খননের বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা-কে নির্দেশনা প্রদান করা হয়। | ক) ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুন:খনন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় অবশিষ্ট নদী/খাল দ্রুত পুন:খননের কাজ শুরু করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) উক্ত প্রকল্পের আওতায় ইছামতি নদী পুন:খননের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা |
| ০৩। | উপজেলা ভিত্তিক নদীর সীমানা চিহ্নিত করণ ও পিলার স্থাপন | নদীর উৎস মুখ থেকে পতিত মুখ পর্যন্ত যে সকল উপজেলার মধ্যে দিয়ে প্রবাহিত সে সকল স্থানের তীরভূমি ও ফোরশোর সিএস অনুসারে চিহ্নিত করতে হবে। এ বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের ৩৫০৩/২০০৯ নং রীট পিটিশনের প্রদত্ত রায় অনুসরণ করতে হবে। SATA, ১৯৫০-এর ৮৬ ও ৮৭ ধারাসহ অন্যান্য সংশ্লিষ্ট আইনকানুন ও বিধিবিধানের আলোকে সহকারী কমিশনার (ভূমি) গণ সংশ্লিষ্ট দপ্তরকে সম্পৃক্ত করে আগামী ০১ (এক) মাসের মধ্যে নদীর সীমানা চিহ্নিত করে সীমানা পিলার স্থাপন করবেন। পিলার স্থাপনে এলজিইডি সহযোগীতা করবে। প্রয়োজনীয় ক্ষেত্রে পৃথক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Timebound Action Plan) গ্রহণপূর্বক সীমানা নির্ধারণ করতে হবে। | ক) সি.এস ম্যাপের ভিত্তিতে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের ৩৫০৩/২০০৯ নং রীট পিটিশনের প্রদত্ত রায় অনুযায়ী ১৯৫০ সনের প্রজাসত্ত্ব আইনের ৮৬ এবং ৮৭ ধারাসহ অন্যান্য সংশ্লিষ্ট আইনকানুন ও বিধিবিধানের আলোকে আগামী ০১ (এক) মাসের মধ্যে নদীর সীমানা চিহ্নিত করে সীমানা পিলার স্থাপন করতে হবে।<br>খ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time bound Action Plan) গ্রহণপূর্বক সীমানা নির্ধারণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা/নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা/ এলজিইডি, পাবনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | নদীর প্রবাহ সচল রাখা | ক) পাবনা জেলার সকল নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখতে নদীর উৎস মুখ ও পতিত মুখ যাতে কোনভাবেই বন্ধ না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। নদীর মধ্যে অবৈধভাবে স্থাপিত বাঁধ/প্রতিবন্ধকতাসমূহ অপসারণ করতে হবে। পানি উন্নয়ন বোর্ড, পাবনা কর্তৃক প্রয়োজনে নদীর উৎস মুখ ও পতিত মুখে ড্রেজিং করতে হবে।<br>খ) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা জানান রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজের জন্য মাটি ভরাট করে ইছামতি নদীর সাথে পদ্মা নদীর যে চ্যানেলটি ভরাট করা হয়েছে তা ফেব্রুয়ারি/১৯ মাসে খুলে দেওয়া হবে। তিনি আরোও জানান এ বিষয়ে একটি সমীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | ক) নদীর স্বাভাবিক গতিপ্রবাহ অব্যাহত রাখতে প্রয়োজনে নদীর উৎস মুখ ও পতিত মুখে ড্রেজিং করতে হবে এবং নদীর মধ্যে স্থাপিত বাঁধ/প্রতিবন্ধকতাসমূহ অপসারণ করতে হবে।<br>খ) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজের জন্য মাটি ভরাট করে ইছামতি নদীর সাথে পদ্মা নদীর যে চ্যানেলটি ভরাট করা হয়েছে তা ফেব্রুয়ারি/১৯ মাসের মধ্যে খুলে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা/নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা/ এলজিইডি, পাবনা |
| ০৫। | অবৈধ স্থাপনা উচ্ছেদ | ক) নদীর উপর স্থাপিত সকল অবৈধ স্থাপনাসমূহের তালিকা অবিলম্বে চূড়ান্ত করে লাল কালিতে চিহ্নিত করতে হবে এবং মাহামান্য হাইকোর্টের ৩৫০৩/২০০৯ নং রিট পিটিশনের ২৪ ও ২৫ জুন, ২০০৯ এর প্রদত্ত রায় মোতাবেক অবৈধ দখলদারদের কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে আগামী ০১ (এক) মাসের মধ্যে উচ্ছেদ অভিযান সম্পন্ন করতে হবে। অবৈধ দখলদারদের বিরুদ্ধে ফৌজদারী মামলাও দায়ের করতে হবে। নদী, নদীর তীর-ভূমি ও ফোরশোর কাউকে কোন অবৈধ পন্থায় হস্তান্তর করা হয়ে থাকলে তা যে কর্তৃপক্ষ/ব্যক্তি/প্রতিষ্ঠানই করুক না কোন SATA, ১৯৫০-এর ৮৬ ও ৮৭ ধারার অধীনে ১৪৩ ও ১৪৯(৪) ধারা প্রয়োগ করে অবিলম্বে বাতিল করতে হবে এবং নদীর রেকর্ড CS অনুসারে হালনাগাদ করতে হবে।<br>খ) ইন্ট্রা এগ্রোফুড প্রসেসিং কর্তৃপক্ষ ইছামতি নদী প্রবাহের এলাকা বন্ধ করে দেয়াল স্থাপন করেছে। উক্ত স্থানে ছোট একটি ড্রেইনের মাধ্যমে দুপার্শ্বের পানি চুইয়ে প্রবাহিত হচ্ছে। এ বাঁধটি কেটে ইছামতির প্রবাহ নিশ্চিত করতে হবে। বাঁধের পার্শ্বে নদীর উপর প্রাচীরসহ যে গেট নির্মাণ করে চলাচল বন্ধ রাখা হয়েছে তা খুলে দিতে হবে। | ক) উপজেলা নির্বাহী অফিসার গণ সহকারী কমিশনার (ভূমি) গণ, পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি, সংশ্লিষ্ট উপজেলা ও ইউনিয়ন পরিষদের প্রতিনিধিদের সম্পৃক্ত করে নদীর উপর স্থাপিত সকল অবৈধ স্থাপনার তালিকা অবিলম্বে চূড়ান্ত করে লাল কালিতে চিহ্নিত করত: উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) মাহামান্য হাইকোর্টের ৩৫০৩/২০০৯ রিট পিটিশনের ২৪ ও ২৫ জুন, ২০০৯ এর প্রদত্ত রায়ের নির্দেশনা মোতাবেক অবৈধ দখলদারদের কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে আগামী ০১ (এক) মাসের মধ্যে উচ্ছেদ অভিযান সম্পন্ন করতে হবে। প্রয়োজনে অবৈধ দখলদারদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করতে হবে।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা, সহকারী কমিশনার (ভূমি), পাবনা সদর, পাবনা, মেয়র, পাবনা পৌরসভা, পাবনা এবং নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা-কে সম্পৃক্ত করে ইছামিত নদীর উপর স্থাপিত সকল অবৈধ স্থাপনার তালিকা অবিলম্বে চূড়ান্ত করে লাল কালিতে চিহ্নিত করত: উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা/মেয়র, পাবনা পৌরসভা, পাবনা |
| ০৬। | নদী থেকে বালু উত্তোলন | সায়রাতভুক্ত বালুমহাল ব্যতিরেকে বালুচর হতে বালু উত্তোলন করা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর পরিপন্থী। কোন প্রকল্পের জন্যও নদী ভাঙ্গন ত্বরান্বিত করে/পরিবেশকে ক্ষতিগ্রস্থ করে বালু উত্তোলন না করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ভূমি মন্ত্রণালয়, সায়রাত শাখা-২ এর ২৬/১১/২০১৭ খ্রি: তারিখের ২৩৭ নং প্রজ্ঞাপনমূলে ঈশ্বরদী উপজেলাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এলাকার ০৭ কি:মি: এর মধ্যে বালু উত্তোলন নিষিদ্ধ করায় এবং সুজানগর উপজেলাধীন বালুমহাল হতে বালু উত্তোলনে একাধিক মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিষেধাজ্ঞা থাকায় উভয় উপজেলাসহ অন্যান্য উপজেলায় নদী হতে অবৈধভাবে বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং নদীর তীরে অবৈধভাবে রাখা স্তুপকৃত বালু নিলাম ডাকের মাধ্যমে অপসারণের ব্যবস্থা করতে হবে। | ক) নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>খ) নদীর তীরে অবৈধভাবে রাখা স্তুপকৃত বালু নিলাম ডাকের মাধ্যমে অপসারণের ব্যবস্থা করতে হবে। | পুলিশ সুপার, পাবনা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭। | আশ্রয়ণ/গুচ্ছগ্রাম সংক্রান্ত | নদীর তীরে বা নদীর জায়গায় আশ্রয়ণ/গুচ্ছগ্রাম বা এই জাতীয় কোন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকলে তা জেলা নদী রক্ষা কমিটিকে অবহিত করতে হবে এবং নদী রক্ষার অগ্রগণ্যতা বিবেচনায় তা খাস জমিতে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নদীর জায়গায় নতুনভাবে কোন আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্প গ্রহণ করা যাবে না। | ক) নদীর জায়গায় আশ্রয়ণ/গুচ্ছগ্রাম বা এই জাতীয় কোন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকলে তা জেলা নদী রক্ষা কমিটিকে অবহিত করতে হবে।<br>খ) নদী রক্ষার অগ্রগণ্যতা বিবেচনায় তা খাস জমিতে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা |
| ০৮। | নদী দূষণ রোধ | নদী দূষণ রোধকল্পে কলকারখানার বর্জ্য, ক্লিনিক্যাল বর্জ্যসহ যেকোন ধরণের বর্জ্য (তরল কিংবা কঠিন) নদী, খাল, বিল কিংবা জলাশয়ে নি:সরণ/নিক্ষেপ/ফেলা যাবে না। আইন লঙ্ঘনকারী, নদী ও পরিবেশ দূষণকারী সংস্থা/ব্যক্তি/গোষ্ঠির বিষয়ে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। | ক) নদী দূষণ রোধকল্পে কলকারখানার বর্জ্য, ক্লিনিক্যাল বর্জ্যসহ যেকোন ধরণের বর্জ্য (তরল কিংবা কঠিন) নদী, খাল, বিল কিংবা জলাশয়ে নি:সরণ/ নিক্ষেপ/ফেলা যাবে না।<br>খ) আইন লঙ্ঘনকারী, নদী ও পরিবেশ দূষণকারী সংস্থা/ব্যক্তি/ গোষ্ঠির বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বগুড়া/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/ এলজিইডি, পাবনা/ মেয়র, পাবনা পৌরসভা |
| ০৯। | নদীর জায়গা ইজারা প্রদান | নদীর জায়গা ইজারা দেয়া যাবে না মর্মে সভায় আলোচনা হয়। ইজারা দেয়া হয়ে থাকলে বাতিল করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। একই সাথে স্থায়ী বন্দোবস্ত কেসের মাধ্যমে যে সকল ভূমিহীনকে বিভিন্ন নদীর ভরাটকৃত/তীরবর্তী অংশে বন্দোবস্ত দেয়া হয়েছে, সে সকল বন্দোবস্ত কেসসমূহ বাতিলের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) নদীর কোন জায়গা ইজারা প্রদান করা হয়ে থাকলে ইজারা অতিসত্বর বিধিমতে বাতিল করতে হবে।<br>খ) নদীর জায়গা কোন ভূমিহীনকে বন্দোবস্ত দেয়া থাকলে জরুরী ভিত্তিতে বন্দোবস্ত কেসসমূহ বাতিল করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা |
| ১০। | জনসচেতনতা সৃষ্টি | নদী রক্ষায় স্থানীয় পর্যায়ে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি, গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে সভা, র‌্যালি, সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করতে হবে। জনসচেতনতা বৃদ্ধিতে লিফলেট ও পোস্টার বিতরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনাকে আগামী সভার পূর্বেই ০২ (দুই) টি জনসচেতনতামূলক কর্মসূচি আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে জনসচেতনতা মূলক কর্মসূচি তথা সভা, র‌্যালি, সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করতে হবে। পানি উন্নয়ন বোর্ড, পাবনা কর্তৃক আগামী সভার পূর্বেই ০২ (দুই) টি জনসচেতনতামূলক কর্মসূচি আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি) (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা |
| ১১। | উপজেলা নদী রক্ষা কমিটির সভাকরণ | উপজেলা পর্যায়ে নদী রক্ষা কমিটি গঠন এবং মাসে কমপক্ষে একবার সভা করতে হবে। সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে জেলা নদী রক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে। | নিয়মিত উপজেলা পর্যায়ে নদী রক্ষা কমিটির সভা করতে হবে এবং কার্যবিবরণী আবশ্যিকভাবে এ অফিসে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) পাবনা |
| ১২। | সদস্য কো-অপ্ট করণ সংক্রান্ত | জেলা নদী রক্ষা কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা নদী রক্ষা কমিটিতে সদস্য হিসেবে সভাপতি, পাবনা প্রেসক্লাব, ইছামতি নদী উদ্ধার আন্দোলনের আহবায়ক জনাব এস.এম.মাহবুব আলমকে অন্তর্ভুক্ত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা |

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোঃ জসিম উদ্দিন
জেলা প্রশাসক, পাবনা
ও
সভাপতি
জেলা নদী রক্ষা কমিটি
ফোন নং: ০৭৩১-৬৫৪৯৯
ই-মেইল: dcpabna@mopa.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ১৮-২ (৩৪)

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.৪০.২১০(১).১৯-

তারিখ:-২৭ জানুয়ারি, ২০১৯

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। মাননীয় সংসদ সদস্য, পাবনা-১/পাবনা-২/পাবনা-৩/পাবনা-৪/পাবনা-৫
০৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা
১০। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা
১১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
১২। জেলা প্রশাসক,.........................(সকল)
১৩। পুলিশ সুপার, পাবনা
১৪। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
১৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
১৬। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বগুড়া
১৭। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা
১৮। উপজেলা চেয়ারম্যান,....................................(সকল), পাবনা
১৯। উপজেলা নির্বাহী অফিসার,..............................(সকল), পাবনা
২০। সহকারী কমিশনার (ভূমি), ..............................(সকল), পাবনা
২১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পাবনা
২২। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, পাবনা
২৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা
২৪। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা
২৫। বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা
২৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা
২৭। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পাবনা
২৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পাবনা
২৯। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা
৩০। জেলা সমবায় কর্মকর্তা, পাবনা
৩১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পাবনা
৩২। উপ-পরিচালক, বিআরডিবি, পাবনা
৩৩। সহকারী পরিচালক, বাঘাবাড়ী নদী বন্দর, বাঅনৌপক, সিরাজগঞ্জ
৩৪। জনাব.....................................................

২৭।০১।১৯


মোঃ রুহুল আমিন
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা
ও
সদস্য-সচিব
জেলা নদী রক্ষা কমিটি
ফোন নং: ০৭৩১-৬৬০৩৯
ই-মেইল: adcrpabna@gmail.com


২৭।০১।১৯